# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## এই মাসাহ্‌র শর্তাবলী

এই মাসাহ্‌র জন্য ৪টি শর্ত রয়েছে;

১- পা ধুয়ে পূর্ণরুপে ওযু করার পর মোজা পরতে হবে। পূর্বে ওযু না করে মোজা পরে, তারপর তার উপর মাসাহ্‌ চলবে না।

সাহাবী মুগীরাহ্‌ (রাঃ) বলেন, আমি নবী (ﷺ) এর সঙ্গে এক সফরে ছিলাম। তিনি ওযু করছিলেন। আমি তাঁর মোজা দু’টি খুলে নিতে ঝুঁকলাম। তিনি বললেন, “ছাড়ো, আমি ও দু’টিকে ওযু অবস্থায় পরেছি।” *(বুখারী ২০৬, মুসলিম, সহীহ ২৭৪নং)*

২- মোজা দু’টি যেন পবিত্র হয়। অর্থাৎ, তাতে যেন কোন প্রকারের নাপাকী লেগে না থাকে।

৩- এই মাসাহ্‌ যেন সেই পবিত্রতা অর্জনের সময় হয়, যার জন্য কেবল ওযু জরুরী হয়। কারণ, যার জন্য গোসল জরুরী হয়, সেই পবিত্রতা অর্জনের সময় মোজা খুলে দিয়ে পা ধোওয়া জরুরী। (তিরমিযী, সুনান, নাসাঈ, সুনান, আহমাদ, মুসনাদ, ইবনে খুযাইমাহ্‌, সহীহ, মিশকাত ৫২০নং*)*

৪- মাসাহ্‌ যেন নির্ধারিত সময়ের মধ্যে হয়। *(ফাতাওয়া ফিল মাসহি আলাল খুফফাইন, ইবনে উসাইমীন ৩নং)*

Source — https://www.hadithbd.com/books/link/?id=2779

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন